গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
ইমেইল:section7@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৫৬.২০০৪(১) - ১২৫

তারিখ : ২০ শ্রাবণ ১৪৩৩ / ০৪ আগস্ট ২০২৬

বিষয়ঃ চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার ৩ নং কার্পাসডাঙ্গা ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ সামসুল হক এর নামে ইস্যুকৃত নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার ৩ নং কার্পাসডাঙ্গা ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ সামসুল হক এর বিরুদ্ধে বাল্যবিবাহ নিবন্ধনের অভিযোগ জেলা রেজিস্ট্রার, চুয়াডাঙ্গা কর্তৃক তদন্তে প্রমাণিত হওয়ায় এবং অভিযুক্ত নিকাহ্ রেজিস্ট্রার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর ২০ বিধির বিধান লঙ্ঘন করতঃ নিজ অধিক্ষেত্র তথা সংলগ্ন অধিক্ষেত্রের বাহিরে ভিন্ন জেলায় অবস্থিত মেহেরপুর মহিলা দাখিল মাদ্রাসায় এমপিওভুক্ত শিক্ষক হিসেবে সহকারী মৌলভী পদে চাকরি করার বিষয়টি জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর কর্তৃক প্রেরিত গত ০৯/১০/২০২৫ খ্রি. তারিখের ৫৫১ নং স্মারকযুক্ত পত্রসহ সংযুক্ত কাগজাদি, ৩নং কার্পাসডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক গত ১২/০৩/২০২৬ খ্রি. তারিখের ২৬৫ নং স্মারকযুক্ত প্রত্যয়নপত্র ও জেলা রেজিস্ট্রার, চুয়াডাঙ্গা কর্তৃক তদন্তে প্রমাণিত হওয়ায় এবং তা একই বিধিমালার বিধি ১১ অনুযায়ী গুরুতর অসদাচরণ হওয়ায় এবং এ প্রসঙ্গে তাঁর কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁর নামে এ বিভাগ হতে গত ০৭/১১/২০১০ খ্রি. তারিখের বিচার ৭/২ এন ৫৬/২০০৪-৭৭৯ নং স্মারকে ইস্যুকৃত নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

উক্ত অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য ঘোষিত অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব সামসুল হক এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য এবং মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার, চুয়াডাঙ্গা/সাব-রেজিস্ট্রার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা-কে নির্দেশ প্রদান করা হলো।

স্বা:
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক
জেলা রেজিস্ট্রার,
চুয়াডাঙ্গা।

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৫৬.২০০৪(১) -১২৫(১৩)

তারিখ : ২০ শ্রাবণ ১৪৩৩ / ৪ আগস্ট ২০২৬

বিতরণ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৬. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, খুলনা।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৯. সাব-রেজিস্ট্রার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
১০. অফিসার ইনচার্জ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
১১. চেয়ারম্যান, ৩ নং কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
১২. জনাব সামসুল হক (সাবেক নিকাহ্ রেজিস্ট্রার), পিতা- লুৎফর রহমান, সাং-কার্পাসডাঙ্গা, ডাকঘর- কার্পাসডাঙ্গা, উপজেলা- দামুড়হুদা, জেলা- চুয়াডাঙ্গা।
১৩. অফিস কপি/গার্ড ফাইল।

০৪/০৮/২০২৬
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব